গল্পগুচ্ছ / শেষকথা

২৩। ছেঁড়া চিঠির খামে কিসের লক্ষণ পেয়েছিলেন গল্পকথক ?

— গল্পকথক নবীনমাধব ছিলেন বিজ্ঞানী। ছেঁড়া চিঠি ও খামের গায়ে ডাকঘরের ছাপ না থাকায় বোঝা যায়, সে চিঠি তাকে দেওয়া হয়নি। তা থেকে নবীনমাধব বুঝেছিলেন এই ছেঁড়া খামের মধ্যে কোনো দুর্ভোগের ইতিহাস আছে। অর্থাৎ অব্যক্ত প্রেমের কাহিনি জড়িয়ে আছে সেই খামে।

২৪। 'শেষ কথা' গল্পে কোন দুজন কবিওয়ালা বা গীতিকারের নাম আছে ?

— হরু ঠাকুর এবং রাম বসু।

২৫। এই গল্পে কবিওয়ালার গানের কোন গানের কলি উদ্ধৃত হয়েছে ?

— 'মনে রইল, সই, মনের বেদনা।'

২৬। কোন প্রশংসাবাক্যে গল্পকথক নবীনমাধব অভ্যস্ত হয়ে গিয়েছিলেন ?

— 'ও হচ্ছে খ্যাপামানুষ।'

২৭। কল্পনায় অচিরার সঙ্গে কি বিষয়ে ঝগড়া করার উপক্রম করেছিলেন নবীনমাধব ?

— চিরকাল নিজের চেহারার প্রশংসাই শুনেছেন নবীনমাধব, বিদেশিনীরা নবীনমাধবকে পাওয়ার জন্য ব্যস্ত করেছে। সে সব উপেক্ষা করে কর্মজীবনের আত্মশ্লাঘা অনুভব করেছেন তিনি। কিন্তু অচিরা তাঁকে নিয়মিত লক্ষ্য করলেও তার দীর্ঘ নীরবতা ও উপেক্ষার বিরুদ্ধে তাই কল্পনায় একটা ঝগড়া বাধিয়ে তুলতে চেয়েছিলেন নবীনমাধব।